# প্রত্যন্ত পাহাড়ি এলাকায় পানীয়জল প্রকল্পের উদ্বোধন পঞ্চায়েতমন্ত্রীর

দেবজ্যোতি চট্টোপাধ্যায়

**মালবাজার, ১ ডিসেম্বর:** ডুয়ার্সের প্রত্যন্ত পাহাড়ি এলাকায় শুকিয়ে যাওয়া ঝর্ণাগুলিকে পুনঃউজ্জীবিত করে পানীয় জলের সমস্যা মেটানোর কাজ শুরু হয়েছিল কিছুদিন আগে। রবিবার বিকালে এইরকম ঝর্ণার জলকে উজ্জীবিত করে সেই জলকে সংরক্ষণ করে গ্রামবাসীদের জলকষ্ট মেটানো হল। এদিন বিকেলে মেটেলি ব্লকের দেওপানি পাহাড়ি এলাকায় সেই জলপ্রকল্প উদ্বোধন করে গেলেন পঞ্চায়েতমন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়। প্রসঙ্গত উল্লেখ্য, মেটেলি ব্লকের দেওপানি, গৌরিগাও পাহাড়ি গ্রামগুলিতে এলাকায় প্রচণ্ড জলকষ্ট ছিল। বর্ষার সময় পাহাড়ি ঝর্ণাগুলি প্রাণবন্ত থাকলেও বর্ষার পর শুকিয়ে যেত। তখন মানুষের জলকষ্ট হত। এই সমস্যা মেটাতে এগিয়ে আসে রাজ্যের পঞ্চায়েত উন্নয়ন দফতর। পঞ্চায়েত দফতর থেকে ১০০ দিনের প্রকল্প সহ অন্যান্য প্রকল্পের মাধ্যমে শুকিয়ে যাওয়া ঝর্ণা জলকে উজ্জীবিত করে জলের ব্যবস্থা করা হয়। এবং সাফল্যের সঙ্গে ২০০ গ্রামবাসীর ব্যাকটেরিয়ামুক্ত পানীয় জলের ব্যবস্থা করা হয়। এদিন বিকালে মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায় পূর্ব নির্ধারিত কর্মসূচি অনুযায়ী এই প্রত্যন্ত পাহাড়ি এলাকায় এসে পৌঁছান। তার সঙ্গে ছিলেন জলপাইগুড়ি জেলাশাসক অভিষেক তেওয়ারি, জেলা পরিষদের সভাধিপতি উত্তরা বর্মন প্রমুখ। জল প্রকল্পের উদ্বোধন করে মন্ত্রী শ্রী মুখোপাধ্যায় বলেন, প্রত্যন্ত পাহাড়ি এলাকায় পানীয় জলের সমস্যা রয়েছে। সেই সব এলাকায় এই প্রকল্পের মাধ্যমে জলের কষ্ট দূর করা হবে। এরপর তিনি কালিম্পংয়ের উদ্দেশে বেরিয়ে যান।

## ঝর্ণার জলকে উজ্জীবিত করে সেই জলকে সংরক্ষণ



জলপ্রকল্প উদ্বোধনে পঞ্চায়েতমন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়। ছবি-প্রতিবেদক

> পঞ্চায়েত দফতর থেকে ১০০ দিনের প্রকল্প সহ অন্যান্য প্রকল্পের মাধ্যমে শুকিয়ে যাওয়া ঝর্ণা জলকে উজ্জীবিত করে জলের ব্যবস্থা করা হয়। এবং সাফল্যের সঙ্গে ২০০ গ্রামবাসীর ব্যাকটেরিয়ামুক্ত পানীয় জলের ব্যবস্থা করা হয়।